গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
মহেশখালী, কক্সবাজার
acl.moheshkhali.coxsbazar.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে মহেশখালী উপজেলার ২০(বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালসমূহ "জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ খ্রি."এর আলোকে ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে অনলাইন আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি, স্থানীয় মৎস্যজীবী, স্থানীয় উদ্যোক্তার নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বক jm.lams.gov.bd ওয়েবসাইটে নাগরিক কর্নার হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইন আবেদন পূরণ ব্যতিরেকে কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

আবেদনের শর্তাবলিঃ

১. jm.lams.gov.bd ওয়েবসাইটে নাগরিক কর্নার হতে অনলাইনে আবেদন করতে হবে;
২. আবেদনের তারিখঃ ০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/ ২৩ জানুয়ারি ২০২৪ তারিখ হতে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে;
৩. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন কর্তৃক দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্তির জন্য আবেদন করা যাবে না;
৪. কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহন/বাতিল কিংবা পুনরায় আবেদন আহবান করতে পারবেন;
৫. ইজারাযোগ্য বদ্ধ জলমহালের তথ্য ও আবেদনের শর্তাবলি উপজেলা ভূমি অফিস, মহেশখালী হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

বিস্তারিত জানতে ভিজিট করুন acl.moheshkhali.coxsbazar.gov.bd অথবা moheshkhali.coxsbazar.gov.bd অথবা ফোন করুন ০১৭৩৩৩৭৩২১০ অথবা ০১৮১৯৮৯৫৫৫২ নম্বরে।

১৬.০১.২০২৪

(মীকি মারমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মহেশখালী, কক্সবাজার

CamScanner

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা ভূমি অফিস**
**মহেশখালী, কক্সবাজার**
acl.moheshkhali.coxsbazar.gov.bd

ভূমি সেবা ডিজিটাল
বদলে যাচ্ছে দিনকাল

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তিঃ

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে মহেশখালী উপজেলার ২০(বিশ) একর পর্যন্ত ইজারাযোগ্য বদ্ধ জলমহালসমূহ **"জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা,২০০৯ খ্রি."** ও **"সংশোধিত জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০১২ খ্রি."** এর আলোকে ১৪৩১ বঙ্গাব্দ হতে ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ হতে ৩০ চৈত্র ১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত) অনলাইন আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ০২ নভেম্বর ২০২৩ তারিখের স্মারক নং-৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১).৬৬২ মূলে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি, স্থানীয় মৎস্যজীবী, স্থানীয় উদ্যোক্তা, সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবল সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যবক; মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান; যুব মহিলা; বিধবা ও স্বামী পরিত্যক্তা; আনসার, ভিডিপি ও গ্রামপলিশ সদস্য ; দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তরের কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতির নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বক jm.lams.gov.bd সাইটে নাগরিক কর্নার হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে।

### সময়সূচিঃ

| অনলাইনে আবেদন দাখিল | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, দরপত্র ক্রয়ের ব্যাংক রশিদ ও জামানতের অর্থ প্রদানের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল |
|---|---|
| বাংলা ০৯ মাঘ ১৪৩০ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ পর্যন্ত (২৩ জানুয়ারি ২০২৪ তারিখ থেকে ১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত) | বাংলা ০৩ ফাল্গুন থেকে ০৭ ফাল্গুন ১৪৩০ পর্যন্ত (১৬ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ থেকে ২০ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত) |

### ১৪৩১-১৪৩৩ বাংলা সন মেয়াদে ইজারাযোগ্য জলমহালের নাম, তপশিল ও সরকারি ইজারামূল্যঃ

| ক্রঃ নং | জলমহালের নাম | জলমহালের আয়তন (একর) | তপশিল | | | সম্ভাব্য সরকারি মূল্য | প্রস্তাবিত ইজারার মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজা | খং নং | দাগ | | | |
| ০১ | হংসমিয়াজীর পাড়া পুকুর | ০.০৭ একর | মাতারবাড়ী | ০১ | ১০০৩৯ | ২৮৯০/- | ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত | |
| ০২ | কালালিয়াকাটা মসজিদ পুকুর | ০.৭৫ একর | হোয়ানক | ০১ | ৭০৪ | ৮৬৮০/- | ঐ | |
| ০৩ | জমির বাপের পুকুর | ০.৯৬ একর | বড় মহেশখালী | ০১ | ১৪৬৯ | ৯২৬০/- | ঐ | |
| ০৪ | সৈয়দ মেম্বারের পুকুর | ০.৬০ একর | বড় মহেশখালী | ০১ | ১২১৬৭ | ৫৭৯০/- | ঐ | |
| ০৫ | জোড়া পুকুর | ০.৭০ একর | বড় মহেশখালী | ০১ | ১১৪৪৫ | ৮৯৩৫/- | ঐ | |
| ০৬ | মনসুর আলীর পুকুর (বুড়ি পুকুর) | ০.৯০ একর | বড় মহেশখালী | ০১ | ১১৩৮২ | ৮৬৮২/- | ঐ | |
| ০৭ | জলদাসপাড়া পুকুর | ০.২৯ একর | গোরকঘাটা | ০১ | ৯০৮ | ৫১০৫/- | ঐ | |
| ০৮ | মগপাড়া পুকুর | ০.৯৪ একর | গোরকঘাটা | ০১ | ৯৭৪ | ৯২৬০/- | ঐ | |
| ০৯ | সিকদার পাড়া পুকুর | ১.৩৭ একর | গোরকঘাটা | ০১ | ২৩৮৫ | ১৩৮৯০/- | ঐ | |
| ১০ | এজাহার মিঞার পুকুর | ০.৫৯ একর | গোরকঘাটা | ০১ | ৩২২৪ | ৫৭৯০/- | ঐ | |
| ১১ | বিজয় সর্দারপাড়া পুকুর | ১.৩৭ একর | গোরকঘাটা | ০১ | ২৩৮৫ | ১৭৩৬৫/- | ঐ | |
| ১২ | ঠাকুরতলা তেলীপাড়া পুকুর | ০.২৮ একর | ছোট মহেশখালী | ০১ | ৮৩৭ | ৬৯৪৫/- | ঐ | |
| ১৩ | আবু সিদ্দিক পুকুর | ১.২১ একর | ছোট মহেশখালী | ০১ | ২৫৫৯ | ১২১৫৫/- | ঐ | |
| ১৪ | মগপাড়া পুকুর | ০.৬৫ একর | ছোট মহেশখালী | ০১ | ২৫৬৮ | ৮৫১০/- | ঐ | |
| ১৫ | ঘটিভাঙ্গা পুকুর | ০.৫৭ একর | কুতুবজোম | ০১ | ২৮৬৩ | ৬৩৮০/- | ঐ | |
| ১৬ | মৌলভী কবির পুকুর | ০.৯৯ একর | কুতুবজোম | ০১ | ২৮৩৭ | ৮১০০/- | ঐ | |
| ১৭ | কাজিপাড়া পুকুর | ০.০৭ একর | কুতুবজোম | ০১ | ৫৬২৭ | ১২১৫৫/- | ঐ | |
| ১৮ | সোনাদিয়া পুকুর | ০.৭৫ একর | কুতুবজোম | ০১ | ৫৫২৮ | ৯২৬০/- | ঐ | |
| ১৯ | দৈলারপাড়া পুকুর | ০.৯৬ একর | কুতুবজোম | ০১ | ২৪৯৮ | ৯৫০০/- | ঐ | |
| ২০ | বটতলা পুকুর | ০.৬০ একর | কুতুবজোম | ০১ | ২৮৪৫ | ৯২৬০/- | ঐ | |

CamScanner

নিয়মাবলিঃ

১. অনলাইনে আবেদন দাখিলসংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২. জলমহালের ইজারা সংক্রান্ত বিস্তারিত জানতে ভিজিট করুন acl.moheshkhali.coxsbazar.gov.bd অথবা moheshkhali.cox'sbazar.gov.bd অথবা ফোন করুন ০১৭৩৩৩৭৩২১০ অথবা ০১৮১৯৮৯৫৫৫২ নম্বরে। ইজারাযোগ্য জলমহালের তথ্য ও আবেদনের শর্তাবলি উপজেলা ভূমি অফিস, মহেশখালী হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

৩. জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাবলি জেলা ওয়েবপোর্টাল, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), মহেশখালী এর কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।

৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩(তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মূলকপি সীল মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে নির্ধারিত বক্সে দাখিল করতে হবে। গালাসীলকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বে নিম্নভাগে সমিতির নাম, সভাপতি/সম্পাদকের নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

৫. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

৬. নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয় অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কোনো সমিতি/আবেদনকারী ম্যানুয়ালী আবেদন করলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৭. আগামী ২০ জানুয়ারি ২০২৪ তারিখ হতে ০৮ ফেব্রুয়ারি ২০২৪ তারিখের মধ্যে আবেদন দাখিল করতে হবে। অন্যথায় আবেদন গৃহিত হবে না।

৮. কর্তৃপক্ষ কোনোরূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোনো অংশ/সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০১/২০২৪

(মীকি মারমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মহেশখালী, কক্সবাজার

স্মারক নম্বর-৩১.২০.২২৪৯.০০০.০৭.০০১.২৩-

তারিখঃ /০১/২০২৪ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতির জন্য-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, কক্সবাজার;
০২। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কক্সবাজার;
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশখালী;
০৪। মেয়র, মহেশখালী পৌরসভা, মহেশখালী;
০৫। উপজেলা...................................কর্মকর্তা, মহেশখালী;
০৬। অফিসার ইনচার্জ, মহেশখালী থানা;
০৭। জনাব..................................................সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, মহেশখালী;
০৮। চেয়ারম্যান,......................ইউনিয়ন পরিষদ, মহেশখালী। বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।
০৯। সম্পাদক, দৈনিক ...............................................তাঁকে মূল বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ১৫ জানুয়ারি ২০২৪ তারিখের সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ..............................................ইউনিয়ন ভূমি অফিস, মহেশখালী। তাঁকে বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।
১১। সংশ্লিষ্ট নথি।

২১/০১/২০২৪

(মোঃ তানবীর হোসেন)
সহকারী কমিশনার(ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মহেশখালী, কক্সবাজার।

CamScanner

## ইজারা প্রদানের শর্তাবলিঃ

১। নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবীদের সমিতি(সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯ অনুযায়ী) যা সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত সে সমিতি/সংগঠন জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবি সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

২। পুরাতন নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি, যা বর্তমানে চালু আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপত্র ও বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। নতুন নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে এ ধরনের প্রমাণ প্রযোজ্য হবে না।

৩। স্থানীয় মৎস্যজীবী, স্থানীয় উদ্যোক্তা, সমাজ ভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবল সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তরের কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতির নিকট হতে জলমহাল ইজারার আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক. স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি,
খ. স্থানীয় মৎস্যজীবী, স্থানীয় উদ্যোক্তা, সমাজভিত্তিক মৎস্যচাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবল সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যবক;
গ. মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান;
ঘ. যুব মহিলা; বিধবা ও স্বামী পরিত্যক্তা;
ঙ. আনসার, ভিডিপি ও গ্রামপলিশ সদস্য ;
চ. দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত ও সমবায় অধিদপ্তরের কিংবা সমাজ সেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি।

৪। আবেদনপত্র দাখিলের সময় যে সকল কাগজপত্র দাখিল করতে হবেঃ

ক. প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিস্ট্রেশন প্রদানকারী কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র;
খ. সমিতির গঠনতন্ত্র (স্পষ্ট স্ক্যান কপি) সংযুক্ত করতে হবে;
গ. নির্বাচিত সভাপতি ও সম্পাদকসহ সকল সদস্যদের ছবিসহ নামের তালিকা (ঠিকানাসহ), জাতীয় পরিচয়পত্র(স্ক্যান কপি);
ঘ. সমিতির সভার কার্যাবিবরণী, নির্বাচিত নির্বাহী/কার্যকরী কমিটির তালিকা, অঙ্গীকারনামা;
ঙ. "সরকারি পাওনা ও সার্টিফিকেট মামলা" নেই মর্মে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;
চ. আবেদনপত্রের সাথে আবেদন ফি বাবদ উপজেলা নির্বাহী অফিসার, মহেশখালী'র অনুকূলে ৫০০/- টাকার অফেরতযোগ্য পে- অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
ছ. আবেদনকারী সমিতিকে জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা ও ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট আবেদনের সাথে দাখিল করতে হবে।

**আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল বলে গণ্য হবে।**

৫। জলমহাল ইজারার মেয়াদ পহেলা বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ পহেলা বৈশাখ হতে কার্যকর বলে গণ্য হবে।

৬। বিজ্ঞপ্তিতে অর্ন্তভুক্ত জলমহালের ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসারের অনুকুলে জামানত হিসাবে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ইজারাপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারা মূল্যের সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। ইজারা প্রাপ্ত হয়নি এমন সমিতির ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে। ইজারা গ্রহীতা মৎস্যজীবী সমিতি/সংগঠন ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব লিজ অথবা অন্যকোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না।যদি তা করে থাকে তাহলে ইজারা বাতিলক্রমে জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে এবং উক্ত সমিতি পরবর্তীতে জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

৭। ০৩(তিন) বছর মেয়াদে যেসকল জলমহাল ইজারা দেয়া হবে সে সকল জলমহালের ক্ষেত্রে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তক্রমে নির্বাচিত কমিটি/সংগঠনকে ১ম বৎসরে সাকুল্য ইজারামূল্য ১৫(পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। ইজারামূল্য আংশিক ও কিস্তিতে পরিশোধ করা যাবে না। অন্যথায় জামানতের অর্থ সরকারের অনকূলে বাজেয়াপ্ত করা হবে এবং সায়রাত মহাল পুনরায় যথানিয়মে ইজারা দেয়া হবে। ইজারা মূল্যের ৫% আয়কর ও ১৫% মূল্য সংযোজন কর (ভ্যাট) তিন বছরের জন্য একত্রে ১ম বছরের ইজারামূল্যের সাথে জমা প্রদান করতে হবে। ২য় বছরের ইজারামূল্য ১ম বছরের ১৫ই এ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং পরবর্তী বছরসমূহের ইজারামূল্য পূর্ববর্তী বছরের ১৫ই চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে।

৮। এক বছরের ইজারার সম্পূর্ণ টাকা পরিশোধ না করা পর্যন্ত ইজারাদাতাকে সায়রাত মহালের দখল হস্তান্তর ও চুক্তিনামা সম্পাদন করা হবে না।

৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন কর্তৃক দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্তির জন্য আবেদন করা যাবে না।

১০। কোনরুপ কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যেকোন আবেদন গ্রহন/বাতিল কিংবা পুনরায় আবেদন আহবান করতে পারেন।

২৬/০৩/২০১৮

(মীকি মারমা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
মহেশখালী, কক্সবাজার

CS CamScanner